যুগান্তর

তারিখ 06 OCT 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৮

# ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের জাতীয় স্কেলে বেতন দাবি

যুগান্তর রিপোর্ট

জাতীয় বেতন স্কেলে বেতনভাতা দেয়ার দাবি করেছেন স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকরা। সোমবার জাতীয় প্রেস ক্লাবের সামনে এক মানববন্ধন থেকে এ দাবি জানানো হয়। বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত এ কর্মসূচিতে অন্যাদের মধ্যে সংগঠনটির সভাপতি এসএম জয়নুল আবেদীন জেহাদী, মহাসচিব মো. শামসুল আলম, যুগ্ম সচিব আবদুস সাত্তার, আবদুর রহমান প্রমুখ বক্তৃতা করেন। মানববন্ধনে বক্তারা বলেন, বাংলাদেশে একমাত্র মাদ্রাসা শিক্ষকরা ৩১ বছর ধরে মৌলিক ও সাংবিধানিক অধিকার থেকে বঞ্চিত। সরকার বিগত ২ বছর ধরে ইবতেদায়ী মাদ্রাসার শূন্য পদে নিয়োগকৃত শিক্ষকদের বেতন ছাড় দিচ্ছে না। এতে শিক্ষকরা মানবেতর জীবন অতিবাহিত করছেন। তারা আরও বলেন, দ্রুত জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্ত করে ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ধ্বংসের মুখ থেকে রক্ষা করতে হবে। এসব মাদ্রাসার শিক্ষকরা এক হাজার টাকা করে ভাতা পেয়ে থাকেন। আগে তাদের ৫০০ টাকা করে দেয়া হতো। বর্তমান সরকার অবশ্য এই ভাতা বৃদ্ধি করে।